এই প্রশ্নপত্রটিতে ৩২টি প্রশ্ন [ বিভাগ—ক (২০) + বিভাগ—খ (৭) অথবা বিভাগ—গ (৫) ] এবং ৮টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং | | | | | | | | | | | | |

কোড নং **49/SS/O/B**

সেট **A**

# বাংলা

# (303)

পরীক্ষার দিন ও তারিখ ..........................................................................................

তত্ত্বাবধানকারিদের স্বাক্ষর ১. ..........................................................................

২. ..........................................................................

www.cbseportal.com

***সাধারণ নির্দেশাবলী :***

1. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

2. দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

3. উত্তর-পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।

4. আপনার প্রশ্নপত্রের কোড নং 49/SS/O/B এবং সেট A টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।

Download From: http://cbseportal.com

# বাংলা

# (303)

সময় : 3 ঘণ্টা ] [ পূর্ণমান : 100

**দ্রষ্টব্য :** (i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ' এবং 'গ' তিনটি বিভাগ আছে।

(ii) বিভাগ 'ক'-এর সব প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

(iii) বিভাগ 'খ' এবং বিভাগ 'গ'-এর যে কোনো **একটি** বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।

(iv) বিভাগ 'ক'-এর মান 85 এবং বিভাগ 'খ' অথবা বিভাগ 'গ'-এর মান 15.

## বিভাগ—ক

**1.** (ক) নিম্নলিখিত কাব্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 4

সাম্যের গান গাই—
আমার চক্ষে পুরুষরমণী কোনো ভেদাভেদ নাই!
বিশ্বে যা-কিছু মহান্ সৃষ্টি চির-কল্যাণ-কর,
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।
বিশ্বে যা-কিছু এল পাপ তাপ বেদনা অশ্রুবারি
অর্ধেক তার আনিয়াছে নর, অর্ধেক তার নারী!
নরককুণ্ড বলিয়া কে তোমা, করে নারী হেয়-জ্ঞান?
তারে বল, আদি-পাপ নারী নহে, সে যে নর শয়তান।

**অথবা**

আমি যে দেখেছি গোপন হিংসা কপটরাত্রি-ছায়ে
হেনেছে নিঃসহায়ে।
আমি যে দেখেছি—প্রতিকারহীন, শক্তের অপরাধে
বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে।
আমি যে দেখিনু তরুণ বালক উন্মাদ হয়ে ছুটে
কী যন্ত্রণায় মরেছে পাথরে নিস্ফল মাথা কুটে॥

(খ) নিম্নলিখিত পংক্তিগুলির কাব্যসৌন্দর্য দেখান : 2

বাঙ্‌লা ভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত
চেনা ছবি; মা আমার দোলনা দুলিয়ে কাটছেন
ঘুম পাড়ানিয়া ছড়া কোন্ সে সুদূরে; সত্তা তার
আশাবরী। নানী বিষাদ সিন্ধুর স্পন্দে দুলে
দুলে রমজানী সাঁঝে ভাজেন ডালের বড়া, আর
একুশের প্রথম প্রভাতফেরী—অলৌকিক ভোর।

Download From: http://cbseportal.com

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির যে কোনো **দুটির** উত্তর (প্রত্যেকটি অনধিক **35**টি শব্দে) লিখুন : 2×2=4

(ক) 'পদ্মাবতীর বিবাহমঙ্গল' কাব্যাংশে নিজের রূপ দেখে পদ্মাবতীর মনের কী অবস্থা হয়েছিল সে সম্বন্ধে সংক্ষেপে লিখুন।

(খ) 'বাংলা ভাষা উচ্চারিত হলে' কবিতায় নদীকে নর্তকীর সঙ্গে তুলনা যুক্তিযুক্ত হয়েছে কিনা, সংক্ষেপে লিখুন।

(গ) 'নাজমা' কবিতায় নাজমার বান্ধবী তাকে কেন বলেছে 'হার মেনো না শক্ত হয়ে থাকো'?

(ঘ) 'কাশীরাম দাস' কবিতায় কাশীরাম দাসকে ভগীরথের সঙ্গে তুলনা করা হয়েছে কেন?

**3.** 'এই পৃথিবীতে একস্থান আছে' কবিতার অন্তর্নিহিত ভাবটি সংক্ষেপে লিখুন। 2

**4.** বাংলা কাব্যধারায় মহাকাব্যের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করুন। 2

**5.** একটি শব্দালংকার ও একটি অর্থালংকারের উদাহরণ দিন। 2

**6.** নিম্নলিখিত কবিতাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দিন :

বর্ষে বর্ষে দলে দলে আসে বিদ্যামঠ তলে
চলে যায় তারা কলরবে,
কৈশোরের কিশলয় পর্ণে পরিণত হয়
যৌবনের শ্যামল গৌরবে।
ভালোবাসি কাছে ডাকি, নামও সব জেনে রাখি,
দেখাশোনা হয় নিতিনিতি,
শাসন তর্জন করি' শিখাই প্রহর ধরি,
থাকে নাকো, হায়, কোনো স্মৃতি!
ক'দিনের এই দেখা— সাগর সৈকত রেখা
নূতন তরঙ্গে মুছে যায়।

(ক) 'পর্ণে পরিণত হয়' বলতে কী বোঝানো হয়েছে? 1

(খ) শিক্ষকের মনে ছাত্রদের স্মৃতি সম্বন্ধে কী বলা হয়েছে? 1

(গ) সাগর সৈকত রেখা কীভাবে মুছে যায়? 1

(ঘ) এখানে 'নূতন তরঙ্গ' বলতে কীসের ইঙ্গিত করা হয়েছে? 1

**7.** নিম্নলিখিত গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 6

পৃথিবীর মৎস্য মাংসে আমাদের কিছু অধিকার আছে। খাইতে দাও—নহিলে চুরি করিব। আমাদের কৃষ্ণচর্ম, শুষ্ক মুখ, ক্ষীণ সকরুণ ম্যাও ম্যাও শুনিয়া তোমাদের কি দুঃখ হয় না? চোরের দণ্ড আছে, নির্দয়তার কি দণ্ড নাই? দরিদ্রের আহার সংগ্রহের দণ্ড আছে, ধনীর কার্পণ্যের দণ্ড নাই কেন? তুমি কমলাকান্ত, দূরদর্শী, কেননা আফিম খোর। তুমি কি দেখিতে পাওনা যে ধনীর দোষেই দরিদ্র চোর হয়? পাঁচশত দরিদ্রকে বঞ্চিত করিয়া একজনে পাঁচশত লোকের আহার্য সংগ্রহ করিবে কেন? যদি করিল, তবে সে খাইয়া তাহার যাহা বাহিয়া পড়ে তাহা দরিদ্রকে দিবে না কেন? যদি না দেয় তবে দরিদ্র অবশ্য তাহার নিকট হইতে চুরি করিবে, কেননা, অনাহারে মরিবার জন্য পৃথিবীতে কেহ আসে নাই।

Download From: http://cbseportal.com

অথবা

তুমি তো আমাদের মতো সোজা মানুষ নও—তুমি দেশের জন্য সমস্ত দিয়াছ, তাইত দেশের রাজপথ তোমার কাছে রুদ্ধ, দুর্গম পাহাড়-পর্বত তোমাকে ডিঙাইয়া চলিতে হয়; কোন্ বিস্মৃত অতীতে তোমারই জন্য প্রথম শৃঙ্খল রচিত হইয়াছিল, কারাগারও শুধু তোমাকে মনে করিয়াই প্রথম নির্মিত হইয়াছিল সেই ত তোমার গৌরব। তোমাকে অবহেলা করিবে সাধ্য কার? এই যে অগণিত প্রহরী, এই যে বিপুল সৈন্যভার, সে ত কেবল তোমারই জন্য। মুক্তি পথের অগ্রদূত! পরাধীন হে রাজবিদ্রোহী তোমাকে শতকোটি নমস্কার।

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(ক) জেন্‌সন আবিষ্কৃত 'অভিনব যন্ত্রটি'র বৈশিষ্ট্য কী? 2

(খ) 'ইহা এখনও চলিতেছে' কথাটিতে কী বোঝানো হয়েছে? 1

(গ) আপনি কি মনে করেন কালাপাহাড়কে গুলি করে মারা ঠিক হয়েছিল? যুক্তিসহ লিখুন। 2

(ঘ) মদন তাঁতির সুতো ছাড়া তাঁত চালানোর শব্দ শুনে অন্য তাঁতিদের মনে কী সন্দেহ হয়েছিল? 2

**9.** যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন : 2

(ক) 'অনাচার' গল্পে সুভাষ কাকিমা কী অনাচার করেছিলেন?

(খ) 'শিল্পী' গল্পে তাঁতিরা কীরকম ভাষায় কথা বলেছে, দুটি উদাহরণ দিয়ে দেখিয়ে দিন।

**10.** নিম্নলিখিত গদ্যাংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দিন :

মাঝে মাঝে অপুর মনে কেমন একটা অস্থিরতা আসে, এসব দিনে বোর্ডিং-এর ঘরে আবদ্ধ থাকিতে মন চাহে না। কোথায় কোন মাঠ বৈকালের রোদে রাঙা হইয়া উঠিয়াছে, ছায়াভরা নদীর জলে কোথায় নববধূর নাকছাবির মতো পানকলস শেওলার কুচা কুচা শাদা ফুল ফুটিয়া নদীজল আলো করিয়া রাখিয়াছে; মাঠের মাঝে উঁচু ডাঙায় কোথায় ঘেঁটু ফুলের বন—এই সবের স্বপ্নে সে বিভোর হইয়া থাকে। মুক্ত আকাশ, মুক্ত মাঠ, গাছপালার জন্য মন কেমন করে। গাছপালা না দেখিয়া বেশিদিন থাকা তাহার পক্ষে একেবারে অসম্ভব। মনে বেশি কষ্ট হইলে একখানা খাতায় সে বসিয়া বসিয়া যত রাজ্যের গাছের ও লতার নাম লেখে এবং যে ধরনের ভূমিশ্রীর জন্য মনটা তৃষিত থাকে, তাহারই একটা কল্পিত বর্ণনায় খাতা ভরাইয়া তোলে। সেখানে নদীর পাশেই থাকে মাঠ, বাবলা বন, নানা বনজ গাছ, পাখিডাকা সকাল, বিকেলের রোদ, ফুল।

(ক) যে সবের স্বপ্নে অপু বিভোর থাকে তার একটির কথা লিখুন। 1

(খ) কিসের জন্য অপুর মন কেমন করে? 1

(গ) তার যে ধরনের ভূমিশ্রীর জন্য মনটা ব্যাকুল তার একটি সংক্ষিপ্ত বর্ণনা দিন। 2

Download From: http://cbseportal.com

**11.** 'আরণ্যক' উপন্যাসে যেসব প্রাকৃতিক দৃশ্য সত্যচরণকে মুগ্ধ করেছিল তার যে কোনো একটির বর্ণনা দিন। 4

**অথবা**

রাজা দোবরু পান্নার পূর্বপুরুষদের বাসস্থানের পরিচয় দিন।

**12.** যে কোনো **চারটির** উত্তর দিন : 1×4=4

(ক) গোষ্ঠবাবু সত্যচরণকে জঙ্গল সম্বন্ধে কী বলেছিলেন?

(খ) গ্রান্টসাহেবের বটগাছটি কোথায়?

(গ) ভানুমতী কে?

(ঘ) রাজুপাঁড়ের জঙ্গল আবাদে অনিচ্ছা কেন?

(ঙ) যুগলপ্রসাদের কোন্ কাজ সত্যচরণকে আকৃষ্ট করেছিল?

**13.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন (যে কোনো **দুটি**) : 2

বরফঢাকা ; দুধসাদা ; বনপথ ; অজানা।

(খ) প্রত্যয় নির্ণয় করুন (যে কোনো **দুটি**) : 2

সামুদ্রিক ; রান্না ; কাবুলি ; স্মৃতি।

(গ) দুটি দেশি শব্দ বেছে নিয়ে লিখুন : 2

এখন ঢেঁকি প্রায় উঠে গেছে। ডিঙিখানা জলে ভাসছে।

(ঘ) চলিত ভাষায় লিখুন : 4

তাহারা কোথায় বেড়াইতে যাইতেছে? এখান হইতে কতদূরে?

Download From: http://cbseportal.com

**14.** যে কোনো **একটি** বিষয়ে প্রতিবেদন রচনা করুন : 4

(ক) দুর্ঘটনা থেকে এক ছাত্র এক ভিখারিকে বাঁচিয়েছে। ঘটনাটি আপনি নিজে দেখেছেন। এ বিষয়ে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন লিখুন।

(খ) প্রায়ই লোডশেডিংয়ের ফলে আপনার এলাকায় গুরুতর সমস্যায় পড়েছে সবাই। এ বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন লিখুন।

**15.** আপনার এলাকায় এক নূতন ধরনের ফুল দেখে আপনার মনে যে প্রতিক্রিয়া হয়েছে তা অনধিক **40**টি শব্দে লিখুন। 2

**অথবা**

অনেকদিন আগে হারিয়ে যাওয়া একটি বই খুঁজে পেয়ে আপনার মনে যে প্রতিক্রিয়া হয়েছে তা অনধিক **40**টি শব্দে লিখুন।

**16.** নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নের উত্তর দিন :

শহরাঞ্চলের ও কলকারখানার বর্জ্য পদার্থ মাটি দূষণের অন্যতম উপাদান। খনিজ শিল্প, ধাতু শোধনাগার ও ইঞ্জিনিয়ারিং শিল্প থেকে এসব উপাদান বিভিন্ন স্থানে স্তূপীকৃত হলে তাতে সিসা, তামার মতো বিষাক্ত কিছু ধাতুও থাকে। শহরাঞ্চলের বর্জ্য পদার্থে খাদ্যের অবশেষ থেকে শুরু করে ভাঙাচোরা নানা জিনিসপত্র জঞ্জাল হিসাবে জমা হয়। এসব জঞ্জালের জন্য মাছি, ইঁদুর সংখ্যায় বেড়ে যায়। এক ঘন ফুট জঞ্জাল প্রায় 70 হাজার মাছির সূতিকাগার হতে পারে।

(ক) মাটি দূষণের উপাদান কী? 1

(খ) জঞ্জালে কী কী থাকে? 1

(গ) মাছির সূতিকাগার কাকে বলা হয়েছে? 1

**17.** যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন : 4

(ক) কোনো একটি ফলের জেলি তৈরির প্রক্রিয়া flowchart-এর সাহায্যে দেখান।

(খ) মিঃ রায়ের দুই ছেলে এক মেয়ে। প্রথম ছেলে সুবলের এক ছেলে শোভন। দ্বিতীয় ছেলে বিমলের এক মেয়ে সুধা, তার মেয়ে লতা। মিঃ রায়ের মেয়ের নাম কিরণ। কিরণের মেয়ে রাধা। এই ব্যক্তিদের নিয়ে একটি বংশলতিকা তৈরি করুন।

www.cbseportal.com
Download From: http://cbseportal.com

**18.** যে কোনো **একটি** বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লিখুন : 8

(ক) আপনার প্রিয় খেলা

(খ) একটি পথের আত্মকাহিনি

(গ) আপনার জীবনের লক্ষ্য

(ঘ) কৃষি ও কৃষক

**19.** চিঠি লেখার রীতিনীতি মেনে যে কোনো **একটি** বিষয়ে চিঠি লিখুন : 4

(ক) আপনি দেশ ভ্রমণে বেরিয়েছেন। সেখান থেকে মায়ের কাছে চিঠি লিখুন।

(খ) পত্রিকায় চাকরির বিজ্ঞাপন দেখে আপনি ওই পদের প্রার্থী হয়ে দরখাস্ত লিখুন।

**20.** নিম্নলিখিত অংশটির সারাংশ লিখুন : 3

যাযাবর বৃত্তি ছেড়ে মানুষ বিশেষ বিশেষ দেশে স্থায়ী বাসস্থান গড়ে তোলে তখন তাদের পেশা ও জীবনযাত্রার পরিবর্তনও অবশ্যম্ভাবী হয়ে উঠল। যাযাবরের পেশা শিকার ও পশুপালন; গৃহস্থের পেশা কৃষিকর্ম ও কুটিরশিল্প। ইতিহাসের দ্বিতীয় যুগে তাই দেখি মানুষের প্রধান বৃত্তি জমি চাষ ও প্রধান ঐশ্বর্য জমি। সুতরাং এই দ্বিতীয় যুগে জমির মালিকেরাই সমাজে প্রাধান্য লাভ করেছিল।

**অথবা**

কৃষক অজ্ঞাত গ্রামে কর্ষে ভূমি তার
দেহে সহি খররোদ্র ধারা বরষার;
সে যে খাটে, শস্য কাটে, তার মাঝখানে
কী গৌরব, জানি না সে জানে কি না জানে।
মূর্খ হোক, দুঃখী হোক, নহে সে ভিখারী,
সে আমার অন্নদাতা, নিত্য উপকারী।
কেহ লেখে, কেহ খোদে, প্রাসাদ নির্মায়
খাটে কেহ ঘাটে ঘাটে মোট বহি যায়।
সবারে চিনি না, তবু প্রাণের বন্ধনে
বাঁধা আছি নানা দিকে সকলের সনে।

Download From: http://cbseportal.com

## বিভাগ—খ

### ( পর্যটন )

**21.** পর্যটনের দুটি উৎস সম্বন্ধে উদাহরণসহ লিখুন। 2

**22.** ভারতের বৃহত্তম ম্যানগ্রোভ বনভূমি কোন্ রাজ্যে? 1

**23.** ভারতের সুবিখ্যাত গুহার নাম লিখুন। 1

**24.** কিয়স্ক কী? 1

**25.** ট্যুর গাইড হতে গেলে কী কী যোগ্যতা আবশ্যক? 2

**26.** আধুনিক পর্যটন ব্যবস্থায় কোন্ কোন্ দিকে বিশেষ মনোযোগী হতে হয়? 4

**27.** পর্যটন শিল্প কীভাবে দেশের আয় বাড়াতে সাহায্য করে? 4

## বিভাগ—গ

### ( গণজ্ঞাপন )

**21.** গণজ্ঞাপন ও গণমাধ্যমের পার্থক্য উদাহরণসহ আলোচনা করুন। 4

**22.** এ যাবৎ গণজ্ঞাপনের পরিকাঠামোর কী কী উন্নতি হয়েছে? যে কোনো চারটির কথা লিখুন। ½×4=2

**23.** মুদ্রিত মাধ্যমের চারটি গুরুত্ব উল্লেখ করুন। ½×4=2

**24.** বেতারের চারটি কাজের কথা লিখুন। 1×4=4

**25.** দুটি সামাজিক সমস্যা উল্লেখ করে গণমাধ্যমের সাহায্যে সেগুলি কীভাবে দূর করা যায়, লিখুন। 1½×2=3

★ ★ ★

Download From: http://cbseportal.com